ফ্যাসিস্ট পুনর্বাসনের অভিযোগে এ কে আজাদকে ঘিরে উত্তপ্ত ফরিদপুর



সংগৃহীত ছবি

চ্যানেল ২৪ ও দৈনিক সমকাল পত্রিকার মালিক ফরিদপুর-৩ (সদর) আসনের সাবেক সংসদ সদস্য ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদের মাধ্যমে জেলা আওয়ামী লীগকে পুনর্বাসন করার চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সদস্য সচিব সোহেল রানা। বুধবার সকাল ১১টায় ফরিদপুর প্রেসক্লাবে ছাত্র-জনতার ব্যানারে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, “এ কে আজাদ ফ্যাসিস্টদের পুনর্বাসনের কাজ করছেন।”

সোহেল রানা আরও অভিযোগ করেন, যারা ২৪-এর আন্দোলনের সময় ছাত্র-জনতার রক্ত ঝরিয়েছিল, তারা এখন প্রকাশ্যে এ কে আজাদের সঙ্গে ঘুরছেন। তিনি প্রশাসনের উদাসীনতার কারণে আজাদ আবার স্বৈরাচারী রাজনীতিতে ফিরে আসার চেষ্টা করছে এবং এভাবে চললে জেলার বিশৃঙ্খলার দায় প্রশাসন ও আজাদের উভয়েরই হবে।

সংবাদ সম্মেলনে সোহেল রানা আগামী ২৪ ঘণ্টার মধ্যে সকল চিহ্নিত দোসরদের গ্রেপ্তার না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারিও দেন। অনুষ্ঠানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সিনিয়র সহ-সভাপতি সাইফ খান, সাবেক যুগ্ম সম্পাদক সাইম হাসান, মেহেদী হাসানসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।